

## আকাশের আঞ্জিনায় পেসমেকার

মরার আগে একবার শব হয়েছি

একবার

সব গুণি দুঃখ যন্ত্রণা বৈভব অনক্ষর

যমজ হাদয়ের উপমের এখন উন্মুক্ত কারাগার।

একদিন সুস্থিত করতালির শেষে

যে যার বাড়িতে ফিরে গেল

দীর্ঘাসের রোমগুলি দিঙ্গুচ্ছ

জলাতঙ্ক রোগের ছন্দবন্দ মহড়া প্রতিনিয়ত।

এখন রোবটের মত তন্দুরেশে কথা বলি

কৃত্রিম হাসি অপ্রতুল বাটিতে খাই

রঙিন মাটির জিয়ুবৃত্তে পদাচরণ

সার্কিট হাউজের সুবিন্যস্ত বধ্যভূমিতে নিদ্রা যাই।

মধ্যাহ্নের দুগ থেকে সূর্য তপ্তকাধন বারায়

দীর্ঘদেহী তালবীথির স্বরলিপি অগ্নিদন্ত

গোধূলির পর শর্বরীর অনিবার্য আগমন

দিগন্তজোড়া আকাশের আঞ্জিনায় পেসমেকার

আলিফ নবী ওমর